# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 24 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) 'এ' (বিজ্ঞান ও প্রকৌশল) এবং 'সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আজ দিবাগত রাত ১২ টা থেকে সাবজেক্ট চয়েস দিতে পারবেন। আগামী পহেলা মে রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত উত্তীর্ণ শিক্ষার্থীরা নিজ প্রোফাইল থেকে তাদের পছন্দ অনুযায়ী সাবজেক্ট চয়েস দিতে পারবেন।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ এমদাদুল হক সাক্ষরিত এক বিজ্ঞপ্তি থেকে বিষয়টি জানা যায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আজ রাত ১২ টার পর থেকে আগামী ০১ মে পর্যন্ত ‘এ’ ও ‘সি’ ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা তাদের স্ব স্ব প্রোফাইল সাবজেক্ট চয়েস দিতে পারবে। এছাড়া, কোটায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাবজেক্ট চয়েসের সময় অবশ্যই কোটা উল্লেখ করতে হবে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, ' উত্তীর্ণ শিক্ষার্থীরা আজকে রাত ১২ টার পর থেকে সাবজেক্ট চয়েস দিতে পারবে।০১ মে রাত ১১টা ৫৯ পর্যন্ত শিক্ষার্থীরা তাদের প্রোফাইল থেকে সাবজেক্ট চয়েস দিতে পারবেন'।

উল্লেখ্য, গত ১৯ এপ্রিল (শনিবার) 'সি' ইউনিটে ১২টি কেন্দ্র ৭ হাজার ৬৪৬জন পরিক্ষার্থী এবং 'এ' ইউনিটে ৩০ টি কেন্দ্রে ২১ হাজার ৯৯৯জন পরিক্ষার্থী অংশগ্রহণ করেন।এরমধ্যে 'এ'

ইউনিটে পাসের হার ৩৪.০৫% এবং 'সি' ইউনিটে পাসের হার ৬৯.৭৫%।

ভর্তি পরীক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:58

URL: https://www.timestodaybd.com/campus/7758071404